



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

**UNIVERSITY OF NORTH BENGAL**  
B.A. Honours 4th Semester Examination, 2022

**CC9-BENGALI**

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**বিভাগ-ক**

- ১। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) নবকুমারের প্রথমা স্ত্রীর কি নাম ছিল ? পরবর্তী সময়ে সে কী নাম ধারণ করেছিল ? তার আর কী নাম ছিল ?
- (খ) “যদি জানিতাম যে, স্ত্রীলোকের বিবাহ দাসীত্ব, তবে কদাপি বিবাহ করিতাম না।”  
— উক্তিটির বক্তা কে ? কাকে বলেছে ? কেন বলেছে ?
- (গ) ‘পল্লীসমাজ’ উপন্যাসটি প্রথম কত সালে প্রকাশিত হয় ? এই উপন্যাসটিতে কতগুলি পরিচ্ছেদ আছে ? উপন্যাসটির নাট্যরূপ কী নামে হয়েছিল ?
- (ঘ) রমেশের বাবার নাম কি ছিল ? উপন্যাসটির তিনজন অপ্রধান চরিত্রের নাম লেখো।
- (ঙ) ‘কবি’ উপন্যাসটি কোথা থেকে কবে প্রকাশিত হয় ? উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছিল ?
- (চ) নিতাইয়ের কৌলিক উপাধি কী ছিল ? খুব সংক্ষেপে নিতাইয়ের বংশপরিচয় দাও।

**বিভাগ-খ**

- ২। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসের কাপালিক চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।
- (খ) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসের ঐতিহাসিক অংশের শিল্পসার্থকতা বিচার করো।
- (গ) “রমেশ একটি আদর্শের প্রতীক মাত্র, তাকে সজীব মানুষ বলিয়া মনে হয় না।”  
— মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।
- (ঘ) “বাবা শুধু আলো জ্বলে দে রে, শুধু আলো জ্বলে দে।”  
— একথা কোন্ উপন্যাসে কে বলেছে ? আলো জ্বলে দেবার মধ্যে দিয়ে কোন্ বক্তব্য জানাতে চেয়েছে ?
- (ঙ) নিতাইয়ের জীবনে ঠাকুরবি চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।
- (চ) ‘কবি’ উপন্যাসের অন্যতম নায়িকা বসন্ত শিল্পী তারশঙ্করের অপূর্ব সৃষ্টি — আলোচনা করো।

বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

১২ × ২ = ২৪

- (ক) ‘কপালকুণ্ডলা’ চরিত্র সৃষ্টিতে বঙ্কিমচন্দ্রের কোন্ ভাবনা কাজ করেছিল ? পরিণতি অংশে বঙ্কিমচন্দ্রের সেই ভাবনা কতটা রক্ষিত হয়েছে ?
- (খ) ‘পল্লীসমাজ’ উপন্যাসে রমা ও রমেশের প্রেম কিভাবে আকর্ষণ বিকর্ষণের দ্বন্দ্ব জটিল হয়ে উঠেছে তা’ আলোচনা করো।
- (গ) ‘পল্লীসমাজ’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।
- (ঘ) উপন্যাসে সঙ্গীতের ভূমিকা ও তার প্রয়োগ তারশঙ্করের ‘কবি’ উপন্যাসটিকে কতটা সার্থক করে তুলেছে তা আলোচনা করো।

—x—